

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর

৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

website: www.betar.gov.bd

স্মারক নম্বর ১৫.৫৩.০০০০.০১২.১৩.৬৬২.১৮. ২০২

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২২ খ্রিঃ

বিষয়ঃ পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, ঢাকার স্টেশন প্রকৌশলী জনাব মোঃ সিরাজ উদ্দিন-এর ০১ (এক) বৎসর অবসরোত্তর ছুটিসহ ১৮(আঠারো) মাসের লাম্প এমাউন্ট মঞ্জুরী প্রসঙ্গ।


উপর্যুক্ত বিষয়ে আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, ঢাকার স্টেশন প্রকৌশলী জনাব মোঃ সিরাজ উদ্দিন-এর জন্ম তারিখ ০১-০২-১৯৬০ খ্রিঃ। সে হিসাবে আগামী ৩১-০১-২০১৯খ্রিঃ তারিখের তার বয়স ৫৯(উনষাট) বৎসর পূর্ণ হবে। বিধায় তিনি ০১(এক) বৎসর অবসরোত্তর ছুটিসহ ১৮(আঠারো) মাসের ছুটির পরিবর্তে লাম্প এমাউন্ট মঞ্জুরী চেয়ে সচিব, তথ্য মন্ত্রণালয় বরাবর আবেদন করেছেন (কপি সংযুক্ত)। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (তথ্য মন্ত্রণালয়) সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার সনদপত্র অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার ছুটির হিসাবে ০২ বৎসর ০৫ মাস ১৭ দিন পূর্ণ গড় বেতনে এবং ০২ বৎসর ০৩ মাস ২০ দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি পাওনা আছে (কপি সংযুক্ত)। অন লাইন থেকে প্রাপ্ত তার মূল বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী তার মূল বেতন= ৫৮,৫৬০/- (আটান্ন হাজার পাঁচশত ষাট) টাকা (কপি সংযুক্ত)। পরিপ্রেক্ষিতে তিনি বিধি মোতাবেক ১৮(আঠারো) মাসের ছুটির পরিবর্তে লাম্প এমাউন্ট মঞ্জুরীর জন্য আবেদন করেছেন।

০২। গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪ এর ৪ ধারা এবং অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের প্রবিধি-১ শাখার অম/অবি/প্রবি-১/চাঃবিঃ/৩/৬২ নম্বর প্রজ্ঞাপনের ৪ এ ধারা এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০(২) ধারা মোতাবেক পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, ঢাকার স্টেশন প্রকৌশলী জনাব মোঃ সিরাজ উদ্দিন-কে ৩১-০১-২০১৯ খ্রিঃ তারিখ হতে অবসর প্রদান করতঃ ০১-০২-২০১৯ খ্রিঃ তারিখ হতে ৩১-০১-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটিসহ ১৮(আঠারো) মাসের ছুটির পরিবর্তে ৫৮,৫৬০/- (আটান্ন হাজার পাঁচশত ষাট) টাকা মূল বেতনে (৫৮,৫৬০ × ১৮) = ১০,৫৪,০৮০/- (দশ লক্ষ চুয়ান্ন হাজার আশি) টাকা লাম্প এমাউন্ট মঞ্জুরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলোঃ

১। মূল আবেদনপত্র -	১ (এক) কপি
২। এস এস সির সনদ পত্রের সত্যায়িত কপি -	১ (এক) কপি
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (তথ্য মন্ত্রণালয়) সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্তমূল বেতনের প্রত্যয়ন পত্র -	১ (এক) কপি
৪। ছুটির প্রাপ্যতার সনদপত্রের মূল কপি -	১ (এক) কপি
৫। কোর্ট কেইস/বিভাগীয় মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র -	১ (এক) কপি
৬। চাকুরির প্রথম নিয়োগ ও যোগদান পত্রের সত্যায়িত কপি -	১ (এক) কপি
৭। জাতীয় পরিচয় পত্রের কপি -	১ (এক) কপি

৩। এমতাবস্থায়, পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, ঢাকার স্টেশন প্রকৌশলী জনাব মোঃ সিরাজ উদ্দিন-কে ০১-০২-২০১৯ খ্রিঃ তারিখ হতে ৩১-০১-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বৎসর অবসরোত্তর ছুটিসহ ১৮(আঠারো) মাসের ছুটির পরিবর্তে লাম্প এমাউন্ট বাবদ ১০,৫৪,০৮০/- (দশ লক্ষ চুয়ান্ন হাজার আশি) টাকা মঞ্জুরী প্রদানের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০৭ (সাত) ফর্দ।



নারায়ণ চন্দ্র শীল

মহাপরিচালক

টেলিফোনঃ ৪৪৮১৩০৬২

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়

ঢাকা।

পা-শ ওনট